"মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২.৩২৪

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৯
৯ মে ২০২২

বিষয়: এপ্রিল ২০২২ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের এপ্রিল ২০২২ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।

প্রতিবেদনাধীন মাসের নাম: এপ্রিল ২০২২ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৫-০৫-২০২২ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১১,০৫৯ | ১,৯২৬ | |
| মোট | ১২,৯৮৫ | ১১,০৫৯ | ১,৯২৬ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১২৪ | ৪১১ | ১০৭৬ | ৩১৫ | ১,৯২৬ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

| | |
|---|---|
| পরিচালক | -০৩টি |
| অতিরিক্ত পরিচালক | -০৫টি |
| সহকারি পরিচালক | -১৮টি |
| সমাজসেবা অফিসার/সমমান | -৯৮টি |

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | -- | -- | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রয়োজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রয়োজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৩৭.৯৬<br>(চারশত সাইত্রিশ কোটি ছিয়ানব্বই লক্ষ টাকা) | ২০৫.৯৫<br>(দুইশত পাঁচ কোটি পঁচানব্বই লক্ষ টাকা)<br>৪৭% | | ২২/১১/২০২১ও ০৬/০১/২০২২ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | ১। ভবন নির্মাণ।<br>২। হাসপাতাল ভবন নির্মাণ। | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রয়োজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রয়োজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রয়োজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

## (৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২৩৬টি<br>অগ্রীম- ১১৩টি<br>৩৪৯ টি | ৯৯০১২১৯২৬<br>৬৯৬০৭৩৬১৫<br>১৬৮৬১৯৫৫৪১<br>(একশত আটষট্টি কোটি একষট্টি লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত একচল্লিশ) | ১৬টি (সাধারন) | ১৩টি<br><br>টাকার পরিমান-<br>১০৫৫৯২৬<br>(দশ লক্ষ পঞ্চান্ন হাজার নয়শত ছাব্বিশ) | সাধারণ-২৩৬টি<br>নতুন- ২৭টি<br>মোট= ২৬৩টি<br>টাকার পরিমান<br>৯৯০১২১৯২৬<br>৬৫১৭২৫৬৪<br>১০৫৫২৯৪৪৯০<br>(একশত পাঁচ কোটি বায়ান্ন লক্ষ চুরানব্বই হাজার চারশত নব্বই)<br>অগ্রীম-১০০টি<br>নতুন- ২৮টি<br>মোট= ১২৮টি<br><br>টাকার পরিমান<br>৬৯৫০১৭৬৮৯<br>৩৬০১৮২৮৭২<br>১০৫৫২০০৫৬১<br>(একশত পাঁচ কোটি বায়ান্ন লক্ষ পাঁচশত একষট্টি) | ১। ০৪/১০/২০২১ তারিখে ত্রি-পক্ষীয় সভায় সুপারিশকৃত ০৭টি অগ্রীম নিষ্পত্তির পত্র জারী করার জন্য ১৮/১১/২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে হতে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>২। ২৬টি সাধারণ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভা ২৬/১২/২১ তারিখ অনুষ্ঠিত হয়েছে। তন্মেধ্যে ১৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৩। ময়মনসিংহ বিভাগে দ্বি-পক্ষীয় সভা আহবানের জন্য সভার তারিখ ও প্রতিনিধি মনোনয়নের জন্য ১৬টির কার্যপত্র সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে ১১/০৪/২০২২ তারিখের ২৮ নং পত্রের মাধ্যমে পাঠানো হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

## (৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১২০ | ০২ | ১২২ | ০০ | ০৬ | ০৩ | ০৯ | ৩৬ | ১১৩<br>১ম শ্রেণির ৩৯ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৪৫ টি,<br>৪র্থ শ্রেণির ২৪ টি<br>মোট = ১১৩ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | শুরু থেকে এ পর্যন্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,০৬,০৮৩ জন। এর আওতাধীন এতিম প্রতিবন্ধী ও অন্যান্য প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,০৬০ জন |
| ২ | বৃত্তিমূলক প্রশিক্ষণ (সেলাই, গবাদি পশু পালন, ক্ষুদ্র ব্যবস্যা এবং হাঁস-মুরগি পালন) | সংক্ষিপ্ত প্রশিক্ষণ | উপজেলা সমাজসেবা কার্যালয় | ৩০,৯৮৫ জন |
| ৩ | Training Course on Budget Management (TCBM) ৬ষ্ঠ ব্যাচ | ২৪-২৫ এপ্রিল ২০২২ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩১ জন |
| ৪ | Training Course on Budget Management (TCBM) ৭ম ব্যাচ | ২৭-২৮ এপ্রিল ২০২২ | | ৩১ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | দাপ্তরিক যোগাযোগ ও ব্যবস্থাপনার উন্নয়ন | ১৭ এপ্রিল হতে ১৮ এপ্রিল ২০২২ | সমাজসেবা অধিদপ্তর | ৪০ জন |
| ২ | | ১৯ এপ্রিল হতে ২০ এপ্রিল ২০২২ | | ৪১ জন |
| ৩ | | ২৪ এপ্রিল হতে ২৫ এপ্রিল ২০২২ | | ৪১ জন |
| ৪ | | ২৬ এপ্রিল হতে ২৭ এপ্রিল ২০২২ | | ৪২ জন |
| ৫ | চাকুরি বিধি, দাপ্তরিক শিষ্টাচার ও পেশাগত দক্ষতা উন্নয়ন | ১৭ এপ্রিল হতে ১৮ এপ্রিল ২০২২ | | ১৯ জন |
| ৬ | | ১৯ এপ্রিল হতে ২০ এপ্রিল ২০২২ | | ১৯ জন |
| ৭ | | ২৪ এপ্রিল হতে ২৫ এপ্রিল ২০২২ | | ১৯ জন |
| ৮ | | ২৬ এপ্রিল হতে ২৭ এপ্রিল ২০২২ | | ২০ জন |

এছাড়া, জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক ১৭ হতে ১৮ এপ্রিল ২০২২ পর্যন্ত ০২ (দুই) কর্মদিবস ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই ।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১২৪ জন, ২য় শ্রেণির ৪১১ জন, ৩য় শ্রেণির ১০৭৬ জন এবং ৪র্থ শ্রেণির ৩১৫ জন মোট ১ হাজার ৯২৬ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : নেই।

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী :

(০১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাসমূহের ২০২১-২২ অর্থবছরের ১ম ও ২য় এবং ৩য় কিস্তির অর্থ (জুলাই/২১ হতে মার্চ/২২) পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয় হতে অর্থ ছাড় করা হয়েছে। ১ম, ২য় ও ৩য় কিস্তির অর্থ মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে। ৩০ এপ্রিল/২২ পর্যন্ত ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ মোট ১ কোটি ২ লক্ষ ৮৪ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে প্রায় ৯৯ লক্ষ ৭৮ হাজার ৩৫২ জনের EFT মাধ্যমে ভাতার অর্থ করা হয়েছে। বিতরণের হার ৯৭.০৩% । EFT মাধ্যমে ভাতার অর্থ প্রেরণের কাজ চলমান রয়েছে।

(০২) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ২৮.৪৩ কোটি টাকার মধ্যে ৩য় কিস্তি বাবদ ০৭ কোটি ১০ লক্ষ ৭৫ হাজার টাকার বিভাজন উপজেলা পর্যায়ে ঋণ বিতরণের জন্য প্রেরণ করা হয়েছে।

(০৩) মুজিব বর্ষ উপলক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রবর্তিত সুদমুক্ত ক্ষুদ্রঋণ এর সাকসেস স্টোরি প্রকাশ কার্যক্রম চলমান। ভিডিও ক্লিপ নির্মাণের কাজ সম্পূর্ণ করা হয়েছে।

(০৪) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৩য় কিস্তি বাবদ ০৫ কোটি ৮৩ লক্ষ টাকা যথাসময়ে উপজেলা পর্যায়ে বিনিয়োগের নিমিত্ত প্রাপ্ত অর্থ ব্যাংক হিসাবে জমা করা হয়েছে।

(০৫) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের নীতিমালা সংশোধনপূর্বক খসড়া সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৬) মাতৃকেন্দ্রের কার্যক্রমের গতিশীলতা আনয়নের জন্য ০২টি উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাতৃকেন্দ্র পরিদর্শন করা হয়েছে।

(০৭) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) কর্তৃক ১০.৬০ কোটি টাকার মধ্যে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ ৭ কোটি ৯৫ লক্ষ টাকার বিভাজন মাঠ পর্যায়ে শহর সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ চলমান রয়েছে। ৪র্থ কিস্তি ছাড়করণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৮) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ৩০ এপ্রিল ২০২২ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৫ লক্ষ ৪৮ হাজার ৪০৬ জন।

(০৯) ০১-৩০ এপ্রিল ২০২২ পর্যন্ত মোট এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২২ হাজার ১৪৫ জন। এর মধ্যে অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২০ হাজার ৭০৯ জন এবং ১১ হাজার ৮৪০ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে আইডি কার্ড বিতরণ করা হয়েছে।

(১০) শিশু উন্নয়ন কেন্দ্র (বালক/বালিকা)সমূহ পরিচালনার নিমিত্ত নীতিমালা প্রণয়ন বিষয়ে গঠিত কমিটির সভা ১৭ এপ্রিল ২০২২ তারিখ আহবান করে সভার বিজ্ঞপ্তি অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩৫.১৬.১৬৮ তারিখ ১২ এপ্রিল ২০২২ যোগে সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে।

(১১) সমাজসেবা অধিদপ্তর এবং এস ও এস চিলড্রেন্স ভিলেজেস বাংলাদেশ এর মধ্যে উন্নয়ন অংশীজন হিসেবে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের লক্ষ্যে যাবতীয় বিষয় অন্তর্ভূক্ত করে একটি খসড়া প্রণয়নপূর্বক অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৪.০২৮.২২.১৭২ তারিখ ১৩ এপ্রিল ২০২২ যোগে ন্যাশনাল ডাইরেক্টর, এস ও এস চিলড্রেন্স ভিলেজ ইন্টারন্যাশনাল ইন বাংলাদেশ, শ্যামলী, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী শিশু পরিবারগুলোর নিবাসিদের বয়সসীমা ২১- এ উন্নীতকরণের লক্ষ্যে সরকারি শিশু পরিবার নীতিমালা সংশোধন না হওয়া পর্যন্ত একটি পরিপত্র জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২২.০০১.১২.১৮০ তারিখ ১৮ এপ্রিল ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) পবিত্র ঈদ-উল-ফিতর ২০২২ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে সকল প্রতিষ্ঠানে উদযাপনসহ সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার (অভিন্ন মেন্যু অনুযায়ী) পরিবেশন করার নিমিত্ত জেলাধীন আবাসিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নির্দেশ প্রদান করার জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০২.২০.৪৭ তারিখ ২০ এপ্রিল ২০২২ যোগে সকল বিভাগীয় পরিচালক এবং জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) পবিত্র ঈদ-উল-ফিতর ২০২২ উপলক্ষে ঢাকা শহরে অবস্থিত প্রতিষ্ঠানসমুহের নিবাসিদের উন্নতমানের খাবার পরিবেশন তদারকির নিমিত্ত অধিদপ্তরের কর্মকর্তাগণকে পরিদর্শনের দায়িত্ব প্রদান করে অধিদপ্তরের প্রতিষ্ঠান শাখা হতে স্মারক নম্বর ৪১.০১.০০০০.০৬২.২৩.০০২.২০.৪৮ তারিখ ২৫ এপ্রিল ২০২২ যোগে সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত সমাজকল্যাণে বঙ্গবন্ধুর ঐতিহাসিক অবদান (১৯৭২-১৯৭৫) "মুক্তির মহানায়ক বঙ্গবন্ধু" স্মরণিকা সমাজসেবা অধিদপ্তরের সকল কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

## (১০) গ. আগামী ২ মাসে (মে ২০২২, জুন ২০২২) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ৩য় কিস্তির ০৭ কোটি ১০ লক্ষ ৭৫ হাজার টাকা সুবিধাভোগীর মাঝে ঋণ বিতরণ কার্যক্রম শুরু করা হবে।

(০২) ২০২১-২২ অর্থবছরে (আরএমসি) কার্যক্রমের বরাদ্দপ্রাপ্ত সর্বমোট ২৩.৩২ কোটি টাকার মধ্যে ৩য় কিস্তি বাবদ ০৫ কোটি ৮৩ লক্ষ টাকা উপজেলা পর্যায়ে বিনিয়োগ নিশ্চিতকরণ।

(০৩) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৪র্থ কিস্তি ছাড়করণের প্রস্তাব সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

(০৪) a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম/Micro Credit Monitoring System (MCMS) সফটওয়ারে ডাটা এন্ট্রির জন্য প্রস্তাবিত ১০ উপজেলায় কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

(০৫) ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (nsda) এর নিবন্ধনের জন্য যাবতীয় কাগজপত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে ৪৬ টি কেন্দ্র নিবন্ধিত হয়েছে। অন্য কেন্দ্রগুলোর নিবন্ধনের কাজ এনএসডিএ (nsda) তে প্রক্রিয়াধীন রয়েছে। ইতোমধ্যে সকল সরকারি দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম একই প্লাটফর্মে আনয়নের অংশ হিসাবে ICT বিভাগের a2i প্রকল্প কর্তৃক dss.nise.gov.bd প্রশিক্ষণ সফটওয়্যার এর মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি ও অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য সফটওয়্যার এর কাজ চলমান রয়েছে। নির্মাণকাজ সম্পন্ন হলে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ আরও সহজতর হবে।

(০৬) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত বেসরকারি এতিমখানাসমূহের অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরে ২য় কিস্তি (জানুয়ারি/২২ হতে জুন/২২) সরকারি অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) বাবদ সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ অধিদপ্তর হতে পৃষ্ঠাংকন করে সংশ্লিষ্ট সকল কার্যালয়/প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হবে।

(০৭) পবিত্র ঈদ-উল-আজহা ২০২২ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার সাথে সকল প্রতিষ্ঠানে উদযাপনসহ সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার (অভিন্ন মেন্যু অনুযায়ী) পরিবেশনের নিমিত্ত জেলাধীন আবাসিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নির্দেশ প্রদান করার জন্য সকল বিভাগীয় পরিচালক ও জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর অধিদফতর হতে পত্র প্রেরণ করা হবে।

(০৮) পবিত্র ঈদ-উল-আজহা ২০২২ উপলক্ষে ঢাকা শহরে অবস্থিত প্রতিষ্ঠানসমুহের নিবাসিদের উন্নতমানের খাবার পরিবেশন তদারকির নিমিত্ত কর্মকর্তাগণকে পরিদর্শনের দায়িত্ব প্রদান করে অধিদপ্তরের প্রতিষ্ঠান শাখা হতে পত্র প্রেরণ করা হবে।

ঘ. আগামী দুই মাসে (মে ২০২২, জুন ২০২২) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আরও)
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।